

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ০৩

মার্চ ০৯, ২০১১
তারিখ : -----
ফাল্গুন ২৫, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

ঋণের সুদের হার প্রসঙ্গে ।

আর্থিক খাত সংস্কার কর্মসূচির আওতায় বিআরপিডি সার্কুলার নং-৩৩/১৯৮৯ এর মাধ্যমে একটি নমনীয় সুদ হার নীতিমালা প্রবর্তন করা হয়। উক্ত নীতিমালার আওতায় ব্যাংকসমূহ নিজেরাই ঋণের সুদ হার নির্ধারণ করতে পারে। পরবর্তীতে বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে কতিপয় খাতে ঋণের সুদ হারের সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়।

এক্ষণে, সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে ঋণের সুদ হারের সর্বোচ্চ সীমা প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে, কৃষি খাত এবং মেয়াদী শিল্প ঋণ খাতে ঋণের সুদ হারের সর্বোচ্চ সীমা ১৩% বহাল থাকবে। এছাড়া, সকল প্রকার রপ্তানী ঋণের সুদ হার ৭% এবং চাল, গম, ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ডাল, ছোলা, পেঁয়াজ, খেজুর ও চিনি আমদানী অর্থায়নে সুদ হারের সর্বোচ্চ সীমা ১২% বহাল থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫